

## দিনাজপুর শিক্ষা বোর্ডে শতভাগ পাস করেনি ১৬ স্কুলের শিক্ষার্থীরা

দিনাজপুর প্রতিনিধি •

দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১৫ সালের জেএসসি পরীক্ষায় একজনও পাস করেনি ১৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মো. তোফাজ্জুর রহমান জানান, ২০১৫ সালের জেএসসি পরীক্ষায় একজনও পাস করেনি ১৬টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হচ্ছে— রংপুরের পীরগাছার সরকারপাড়া গার্ল জুনিয়র হাইস্কুল, গাইবান্ধা জেলার সাদুল্লাহপুরের জয়েনপুর আদর্শ জুনিয়র স্কুল, নীলফামারী জেলার সদর উপজেলার উত্তর কানিয়ালখাতা জুনিয়র স্কুল, জলঢাকা উপজেলার বালগ্রাম জুনিয়র গার্লস স্কুল ও সৈয়দপুর উপজেলার মাধুপুর নয়াহাট জুনিয়র সেকেন্ডারি স্কুল, কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলার বড়মনি জুনিয়র হাইস্কুল, পায়রাদাঙ্গা জুনিয়র স্কুল ও জামতলা জুনিয়র গার্লস হাইস্কুল, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলার সিয়ালকোট জুনিয়র হাইস্কুল, নবাবগঞ্জ উপজেলার ভাদুরিয়া মডেল জুনিয়র গার্ল স্কুল ও খানসামা উপজেলার মারগাঁও আদর্শ জুনিয়র স্কুল, ঠাকুরগাঁও জেলার পীরগঞ্জ উপজেলার শহীদ আতিউর রহমান জুনিয়র হাইস্কুল, ঠাকুরগাঁও সদর উপজেলার কাজিকাগাঁও সাহাপাড়া জুনিয়র স্কুল ও রানীশংকৈল উপজেলার পরাগপুর জুনিয়র গার্লস স্কুল এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার বলরামহাট মডেল জুনিয়র গার্লস স্কুল ও আটোয়ারী উপজেলার চাবরাজহার আদর্শ জুনিয়র স্কুল।